রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৭, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ় ১৪১৮ বঙ্গাব্দ/৬ জুলাই ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১লা জুলাই, ২০১১ হইতে ৩০শে জুন, ২০১২ পর্যন্ত সময়কালের জন্য বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়ের ক্ষেত্রে কর অনারোপিত আয় বিনিয়োগ করা হইলে উক্ত কর অনারোপিত আয়ের উপর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১০% এ নির্ধারণ করিল, যথাঃ—

(ক) পাবলিক লিমিটেড কোম্পানী ব্যতীত অন্য সকল শ্রেণীর করদাতাগণকে উক্ত ১০% হারে কর প্রদানসাপেক্ষে ১৫ই জুলাই, ২০১২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট নিম্নলিখিত ছকে কর অনারোপিত আয় এর ঘোষণা প্রদান করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন ঘোষিত কর অনারোপিত আয়ের উৎস সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা হইবে না;

(গ) দফা (ক) এর অধীন ঘোষণাপত্রের সাথে ১০% হারে কর পরিশোধের সমর্থনে পে-অর্ডার এর কপি, বিনিয়োগের সমর্থনে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিশিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযোজন করিতে হইবে;

(ঘ) বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০-০৬-২০১৩ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না এবং বিনিয়োগকৃত অর্থ বা তাহার অংশ উত্তোলন বা স্থানান্তর করিলে উত্তোলন বা স্থানান্তরের বছরে স্থানান্তরকৃত ঐ অর্থ ঘোষণাকারীর আয় হিসেবে গণ্য হইবে;

(ঙ) এই সুবিধার আওতায় পরিশোধিত করের উৎস ব্যাখ্যায়িত বলিয়া বিবেচিত হইবে; এবং

(চ) ৩০শে জুন, ২০১১ তারিখের মধ্যে কর ফাঁকি উদ্‌ঘাটিত হইলে এবং উক্ত Ordinance এর section 93 অনুযায়ী কার্যক্রম গৃহীত হইলে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না ঃ

মূল্য ঃ টাকা ২.০০

Modified SRO

এসআরও নং ২৭৬-আইন/২০১১/২৭৬/আয়কর, তারিখ: ২৯ আগস্ট ২০১১ দ্বারা এই প্রজ্ঞাপনটি সংশোধন করা হয়।

www.goldenbusinessbd.com

GOLDEN BANGLADESH

ছক

কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র

(১) করদাতার নাম ও ঠিকানা ঃ ....
....

(২) টিআইএন ঃ ....

(৩) সার্কেলের নাম .. .. ঃ কর অঞ্চলের নাম ঃ ... .

(৪) বিনিয়োগের পরিমাণ (বিনিয়োগের স্বপক্ষে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিশিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্ট এর লেজারের কপি সংযুক্ত করিতে হইবে) ঃ (অংকে) ....
(কথায়) ....

(৫) পরিশোধিত আয়কর ঃ

(ক) পরিমাণ ঃ (অংকে) ....
ঃ (কথায়) ....

(খ) পে-অর্ডার নং ঃ ....
ব্যাংক ঃ ....
শাখাঃ .... তারিখঃ ....

তারিখ ঃ করদাতার নাম ও স্বাক্ষর

প্রাপ্তি স্বীকারপত্র

রেজিস্টারের ক্রমিক নং ---------- তারিখঃ ----------

নামঃ ----------

ঠিকানাঃ ----------

টি.আই.এনঃ | | | | | | | | | | | | |

এর নিকট হইতে নির্ধারিত ছকে এস. আর. ও নং ---আইন/**আয়কর/২০১১ তারিখ** -**-/০৭/২০১১ ইং** অনুসারে ---------- টাকা কর অনারোপিত আয় বিনিয়োগের ঘোষণাপত্র ও উহার জন্য ---------- টাকা আয়কর পরিশোধ সংক্রান্ত পে-অর্ডার নং --------- তারিখঃ -------, ব্যাংকের নাম ও শাখাঃ ---------- বুঝিয়া পাইলাম।

সীল

উপ-কর কমিশনার
সার্কেলঃ ----------
কর অঞ্চলঃ ---------

Modified SRO

রাষ্ট্রপতির আদেশক্রমে

আমিনুর রহমান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

www.goldenbusinessbd.com
GOLDEN BANGLADESH